



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৪০

১২ অক্টোবর ২০২২

তারিখ: -----

২৭ আশ্বিন ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**ভার্চুয়াল সম্পদ (Virtual asset) ও ভার্চুয়াল মুদ্রা (Virtual currency) লেনদেন এবং তাদের
বিনিময়/স্থানান্তর/বাণিজ্য (Exchange/Transfer/Trading) সংক্রান্ত নিষেধাজ্ঞা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ কর্তৃক ১৫ সেপ্টেম্বর ২০২২ তারিখে জারিকৃত এফই সার্কুলার নং-২৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে ভার্চুয়াল সম্পদ (Virtual asset) ও ভার্চুয়াল মুদ্রা (Virtual currency) লেনদেন এবং তাদের বিনিময়/স্থানান্তর/বাণিজ্যের (Exchange/Transfer/Trading) সাথে যুক্ত ব্যবসা ও এ সংক্রান্ত যেকোন ধরনের কার্যক্রমে সহায়তা প্রদান হতে বিরত থাকার জন্য নির্দেশনা দেওয়া হয়েছে। সম্প্রতি লক্ষ করা যাচ্ছে যে, বিভিন্ন বিদেশী Virtual Asset Service Provider (VASP) তাদের ওয়েবসাইট/অ্যাপের মাধ্যমে বাংলাদেশে কার্যরত কোন কোন তফসিলি ব্যাংকের গ্রাহক একাউন্ট ব্যবহার করে Virtual currency/Crypto currency, Foreign currency ইত্যাদির লেনদেন, ক্রয়-বিক্রয়, পুনঃবিক্রয়, P2P বিনিময়/স্থানান্তর/বাণিজ্য কার্যক্রম পরিচালনা করছে।

৩। এক্ষণে, ভার্চুয়াল সম্পদ (Virtual asset) ও ভার্চুয়াল মুদ্রার (Virtual currency/Crypto currency) লেনদেন এবং তাদের বিনিময়/স্থানান্তর/বাণিজ্য কার্যক্রমের কারণে সম্ভাব্য আর্থিক ও আইনগত ঝুঁকি পরিহারের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলোঃ

ক) গ্রাহকের ব্যাংক একাউন্ট ব্যবহার করে VASP এর মাধ্যমে Virtual currency/Crypto currency, Foreign currency ইত্যাদির লেনদেন, ক্রয়-বিক্রয়, পুনঃবিক্রয়, P2P বিনিময়/স্থানান্তর/বাণিজ্য সংক্রান্ত কার্যক্রম অথবা এরূপ যেকোন ধরনের কার্যে সহায়তা প্রদান অবিলম্বে বন্ধের পাশাপাশি এ বিষয়ে যথাযথ সতর্কতা অবলম্বনপূর্বক মনিটরিং কার্যক্রম বৃদ্ধি করতে হবে;

খ) এফই সার্কুলার নং-২৪/২০২২ এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা ব্যাংকের প্রধান কার্যালয়, সকল শাখা, উপশাখা ও এজেন্ট ব্যাংকিং আউটলেটসমূহের দর্শনীয় স্থানে জনসাধারণের অবগতির লক্ষ্যে তাদের বোধগম্য করে নোটিশ বোর্ডে প্রদর্শন এবং ওয়েবসাইটের হোম পেইজ-এ প্রকাশ নিশ্চিত করাসহ সকল প্রশিক্ষণ প্রোগ্রামে প্রশিক্ষণার্থীদেরকে সার্কুলারটির বিষয়বস্তু অবগতকরণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)
পরিচালক (বিআরপিডি)
ফোনঃ ৯৫৩০২৫২